

Simul : *Bombax ceiba* L. Malvaceae

Holi, the colour festival is also the blooming time of *Bombax ceiba* tree. The bright coloured petals of the flowers are used to prepare eco-friendly colour to play with. Besides this, a pole of debarked *B. ceiba* stem or a branch of it is used as main pillar to be burnt in Holika-dahan by Bhil, Garasia and Damor community of India. Similar tradition is also followed in states of northern India as in Rajasthan, Madhya Pradesh and Uttar Pradesh, where the tree is found abundantly. The tree is well known among tribal people as well as urban people as Holi-Danda.

রঙের উৎসব হোলি-র সময় বোম্বাক্স সিবা গাছে অর্থাৎ শিমূল ফুল ফোটে। উজ্জ্বল এই লাল ফুলের পাঁপড়ি দিয়ে পরিবেশবান্ধব রঙ প্রস্তুত করে হোলি খেলায় ব্যবহার করা হয়। এছাড়া, ভিল, গারাসিয়া ও দামোর উপজাতিদের সম্প্রদায়ের মধ্যে হোলিকাদহনে এই গাছের ছাল ছাড়ানো কাণ্ড বা ডাল মূল স্তম্ভ হিসেবে পোড়ানো হয়। উত্তর ভারতের রাজস্থান, মধ্যপ্রদেশ ও উত্তরপ্রদেশের মতো রাজ্য গুলোতেও একই ধরনের প্রথা আছে, আর এই গাছ ঐসব রাজ্যে প্রচুর জন্মায়। শহরতলী অঞ্চলে ও শহরে উভয় সমাজেই এই গাছকে হোলি-ডান্ডা নামে চেনে।